



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১


স্মারক নং: ঢাবো/পনি/৭৫৩

তারিখ: ১৯/০৫/২০২৬ খ্রি.

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৬ সালের এসএসসি পরীক্ষার ইংরেজি ১ম পত্র (বিষয় কোড-১০৭)-এর উত্তরপত্র শিক্ষার্থীদের দিয়ে বৃত্ত ভরাট করা হয় যার ভিডিও/ছিন্ন চিত্র সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে এবং প্রাথমিক তদন্তে তা প্রমাণিত হয়। আপনার এহেন কার্যকলাপের ফলে শিক্ষা বোর্ডের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং পরীক্ষার্থীদের মনে ব্যাপক অসন্তোষ সৃষ্টি হয়েছে। পরীক্ষার উত্তরপত্র প্রধান পরীক্ষক/পরীক্ষক ব্যতীত অন্য কোন ব্যক্তি, শিক্ষার্থী বা পরিবারের অন্য কোন সদস্যকে দিয়ে বৃত্ত ভরাট/পূরণ করানো বা মূল্যায়ন করা শাস্তিযোগ্য অপরাধ।

এ অপরাধের জন্য আপনার বিরুদ্ধে কেন বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৯/০৫/২০২৬

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

মোঃ সাইফুল ইসলাম

সহকারী শিক্ষক

বিষয়: ইংরেজি ১ম পত্র (১০৭)

পরীক্ষক কোড- ২২৮৯

বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়

সখীপুর, টাংগাইল

০১৭২৬৪৫৪১৯৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. জেলা প্রশাসক, টাংগাইল
৩. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৬. সভাপতি, বহুরিয়া চতল বাইদ আদর্শ উচ্চ বিদ্যালয়, সখীপুর, টাংগাইল
৭. অফিস কপি।